

# বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন

বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

## জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত নৈতিকতা কমিটির কার্যবিবরণী

সভাপতি	: জনাব কাজী মোহাম্মদ হাসান সচিব, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন।
তারিখ	: ০৭ নভেম্বর, ২০১৯
সময়	: বেলা ১১:৩০ ঘটিকা
স্থান	: বিপিসি'র প্রধান কার্যালয়, বোর্ড রুম, চট্টগ্রাম।
উপস্থিত সদস্য	: পরিশিষ্ট-ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিপিসি'র শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব কাজী মোহাম্মদ হাসান আলোচ্যসূচি অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০১৯-২০২০ অর্থ বছরের কর্মপরিকল্পনার ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০১৯) বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। আলোচনার শুরুতে তিনি অবহিত করেন যে, গত ৩১/১০/২০১৯ তারিখে সংস্থার সচিব মহোদয়ের সভাপতিত্বে এ সংস্থার আওতাধীন সকল কোম্পানির শুদ্ধাচার ফোকাল পয়েন্টগণকে নিয়ে একটি ফিডব্যাক সভা করা হয়, যেখানে প্রত্যেক কোম্পানির কর্মপরিকল্পনা অনুযায়ী তাঁদের ১ম কোয়ার্টার এর অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়।

০২। এ সংস্থার অধীন কোম্পানিসমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল এর ২০১৯-২০২০ অর্থবছরের কর্মপরিকল্পনা ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর, ২০১৯) এর অগ্রগতি প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, কর্মপরিকল্পনা অনুযায়ী দুই একটি ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। আলোচনায় জানানো হয়, যে শুদ্ধাচার কৌশলের অনেক কার্যক্রমের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সামঞ্জস্য রয়েছে। সে প্রেক্ষিতে সকল ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে অগ্রগতি প্রতিবেদন এ সংস্থায় প্রেরণ করতে হবে মর্মে সভায় গুরুত্বারোপ করা হয়।

০৩। উল্লিখিত আলোচনার প্রেক্ষিতে সভাপতি জানান যে, জাতীয়ভাবে শুদ্ধাচার কৌশল চর্চা রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠার অন্যতম সোপান। এই কৌশল মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তর/সংস্থার জন্য যেসব ক্ষেত্রসমূহ চিহ্নিত করা হয়েছে এবং সে অনুযায়ী প্রণয়ন করা হয়েছে। একই সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্ধারিত সময়সীমার মধ্যে কর্মপরিকল্পনার ও অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৪। পরিশেষে সভাপতি বলেন, রাষ্ট্রের অর্থনৈতিক অগ্রগতি টেকসই করার জন্য শুদ্ধাচার চর্চা অত্যন্ত জরুরি। রাষ্ট্রীয় ও অরাষ্ট্রীয় প্রতিটি প্রতিষ্ঠানকেই এ জন্য ভূমিকা পালন করতে হবে। সরকারি কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দুর্নীতি রোধে যতবেশি নিশ্চিত করা যাবে, জনগণ অর্থনৈতিক উন্নয়নের সুফল ততবেশি ভোগ করবে। এ লক্ষ্যে সকলকে সচেষ্ট থাকার এবং পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার জন্য তিনি সকলকে পরামর্শ প্রদান করেন।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) কোম্পানিসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ে বিপিসি-তে প্রেরণ করতে হবে।

খ) জাতীয় শুদ্ধাচার কৌশলের কর্মপরিকল্পনা বাস্তবায়নে ফোকাল পয়েন্ট এর গুরুত্ব অনেক। কর্মপরিকল্পনা বাস্তবায়নের সুবিধার্থে তিনি এ সংস্থার ফোকাল পয়েন্ট এ সভাপতিত্বে এ সংস্থার অধীনস্থ কোম্পানিসমূহের ফোকাল পয়েন্টগণকে নিয়ে একটি সভা করার জন্য পরামর্শ প্রদান করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সবার সমাপ্তি ঘোষণা করা হয়।

-স্বাক্ষরিত-১১/১১/২০১৯  
(কাজী মোহাম্মদ হাসান)  
সচিব

নং: ২৮.০৩.০০০০.০০৮.৩১.০৩২.১৩.

তারিখ: ১১/১১/২০১৯

বিতরণ:

- ১। ব্যবস্থাপনা পরিচালক  
(জেওসিএল/পিওসিএল/এমপিএল/ইআরএল/এলপিজিএল/ইএলবিএল), চট্টগ্রাম।
- ২। মহাব্যবস্থাপক, এসএওসিএল, চট্টগ্রাম।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
- ৪। সংশ্লিষ্ট নথি/মাস্টার ফাইল।